

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
আবহাওয়া ভবন, আগারগাঁও, ঢাকা- ১২০৭।

নং সংস্থাপন- ৬ (৩০৭)/২০১৫/১২৯০

তারিখ: ০৬/১২/১৪২২ বাং/১৬/০২/২০১৬ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত শুধুমাত্র উপকূলীয় অঞ্চলের জন্য শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদনাম ও বেতন স্কেল (জাঃবেঃস্কেল/২০১৫ অনুযায়ী)	পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১.	আবহাওয়া সহকারী টাঃ ১১৩০০-২৭৩০০/- (গ্রেড- ১২)	১৩ (তের) টি	ভূগোল অথবা পরিসংখ্যান অথবা রসায়নবিদ্যাসহ পদার্থবিদ্যা ও অঙ্ক শাস্ত্রে বি.এসসি ডিগ্রি।	রাংগামাটি, কুমিল্লা, নীলফামারী, বগুড়া, গাইবান্ধা, জয়পুরহাট, মাগুরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর ও ঝালকাঠি ব্যতীত সকল জেলা।
২.	সাঁট-মুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড- ১৪)	০১ (এক) টি	অনুমোদিত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাসসহ শর্তহান্ড-এ প্রতি মিনিটে বাংলায় ৬০ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি সম্পন্ন। কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ: (ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ। (খ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ।	এতিম, শারীরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩.	উচ্চ পর্যবেক্ষক টাঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড- ১৫)	১০ (দশ) টি	দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) পাস।	
৪.	রেডিও মেকানিক টাঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড- ১৫)	০২ (দুই) টি	উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) পাসসহ কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ইলেক্ট্রনিক্স সনদধারী, তৎসহ ইলেকট্রনিক যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামতে ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন।	
৫.	টেলিপ্রিন্টার অপারেটর টাঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড- ১৫)	১১ (এগার) টি	উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) পাসসহ টেলি-টাইপিংয়ে ইংরেজিতে প্রতি মিনিটে ৪০ শব্দের গতিসম্পন্ন।	
৬.	ওয়্যারলেস অপারেটর টাঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড- ১৫)	০৩ (তিন) টি	উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) পাসসহ কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ট্রেড সনদধারী।	
৭.	পর্যবেক্ষক টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬)	০২ (দুই) টি	উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) পাস।	
৮.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬)	০১ (এক) টি	উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ: ১। বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ শব্দ। ২। ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২০ শব্দ।	
৯.	মেকানিক গ্রেড-২ টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬)	০৩ (তিন) টি	কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে জেনারেল মেকানিক্স/ওয়েল্ডিং/টার্নিং প্রভৃতি বিষয়ে সনদপ্রাপ্ত।	
১০.	বেলুন মেকার টাঃ ৮৮০০-২১৩১০/- (গ্রেড- ১৮)	০৫ (পাঁচ) টি	এস.এস.সি পাস।	

